

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৭১৩

আগরতলা, ১৫ মে, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

‘জাতীয় গ্রামীণ স্বাস্থ্য মিশন প্রকল্পে কর্মরত এক কর্মীর বিরুদ্ধে নানাহ দুর্নীতির অভিযোগ সুষ্ঠু তদন্তের দাবি’ এই শিরোনামে আজকের ফরিয়াদ পত্রিকায় গত ১১ মে, ২০২৫ প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য দপ্তরের নজরে এসেছে।

দপ্তরের পক্ষ থেকে প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে যে, উত্তর জেলার দামছড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে কর্মরত জাতীয় স্বাস্থ্য মিশন প্রকল্পে অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাকাউন্টস অ্যাসিস্টেন্ট হিসাবে কর্মরত তীর্থঙ্কর সাহার বিরুদ্ধে অসদাচরণ কিংবা আর্থিক দুর্নীতি সংক্রান্ত অভিযোগটি সম্পূর্ণ ভিত্তিহীন। দামছড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অফিসের নথিতে আজ অবধি এমন কোনও ঘটনা লিপিবদ্ধ নেই।

\*\*\*\*\*